

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারি কলেজ, ফেনী।

তারিখ : ০৯/১২/২০১৭ খ্রি.

**২০১৬ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে  
রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি :**

২০১৬ সালে ফেনী সরকারী কলেজে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রমের রেজিস্ট্রেশন আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট [www.nu.edu.bd/admission](http://www.nu.edu.bd/admission) থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

**১। আবেদনের যোগ্যতা :**

- জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৬ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০৪ থেকে ২০১৫ সাল পর্যন্ত ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৬ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। নির্ধারিত বিষয়সমূহ : বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিষয়সমূহে আবেদন করা যাবে।

**৩। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচী :**

- মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীকে ১০/১২/২০১৭ তারিখ বিকাল ৪.০০ টা থেকে ১৮/১২/২০১৭ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে ফরমপূরণ করতে হবে।
  - জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইট হতে ১৯/১২/২০১৭ তারিখের মধ্যে আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজ অফিসে জমা দিতে হবে।
- ৪। **ভর্তি ফি জমাদান পদ্ধতি :** ফেনী পৌর এলাকার যে কোন সোনালী ব্যাংক হতে অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ এই নামে (MICR) পে-অর্ডার সংগ্রহ করে কলেজ অফিসের মাস্টার্স শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৫। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি : ১১৫০/- টাকা।
- এস এস সি/সম্মান, এইচ এস সি/সম্মান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
  - স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
  - সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
  - স্নাতক (সম্মান)/ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
  - প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় পত্রানের প্রত্যয়নপত্র। ৫।
- ৬। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) বছর। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা যাবে না।
- ৮। সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ  
ফেনী সরকারি কলেজ, ফেনী।  
ফেনী সরকারী কলেজ, ফেনী।

১০/১২/১৭